



আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র (সকল)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : বিশেষ বিবেচনায় একাডেমিক কাউন্সিল এর ৫৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের **DeNovo** রেজিস্ট্রেশনের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান প্রসঙ্গে।

সূত্র : বাউবি/প্রশা(সাধা)/বিভাগ-২৬(১৩)/৯৬/পার্ট-৩/৩৯৭০(১); তারিখ : ০৩/১০/২০১৬।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এর ৫৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

“(১) একাডেমিক কাউন্সিলের ৪৭তম সভার সিদ্ধান্ত-১২ এর আওতা বর্ধিত সকল প্রোগ্রামের ক্ষেত্রে যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৭০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থী অবশিষ্ট কোর্স/DeNovo রেজিস্ট্রেশনের মাধ্যমে সংশ্লিষ্ট কোর্স/বিষয়ে কোর্স ফি প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

(২) ২০২০ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষায় যে ব্যাচের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হবে উক্ত সিদ্ধান্তের আলোকে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০২ বছরের মধ্যে DeNovo রেজিস্ট্রেশন করে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরবর্তীতে রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীগণের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।”

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে-

(ক) একাডেমিক কাউন্সিলের ৪৭তম সভার সিদ্ধান্ত-১২ এর আওতা বর্ধিত এবং ৫৮তম সভার সিদ্ধান্ত-১ অনুযায়ী এসএসসি প্রোগ্রামের ১২ ব্যাচের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৭০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থী শেষবারের মত অবশিষ্ট কোর্স/DeNovo রেজিস্ট্রেশনের মাধ্যমে আসন্ন এসএসসি পরীক্ষা-২০২১ এ অংশগ্রহণ করতে পারবে এবং

(খ) ১৩ ব্যাচের শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষা-২০২০ এ পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়েছে। ১৩ ব্যাচের যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রোগ্রামের ৭০% কোর্স/বিষয় সম্পন্ন করেছে শিক্ষার্থীগণ একাডেমিক কাউন্সিলের ৫৮তম সভার সিদ্ধান্ত-২ অনুযায়ী DeNovo রেজিস্ট্রেশন করে এস.এস.সি পরীক্ষা-২০২১ ও এস.এস.সি পরীক্ষা-২০২২ এ অংশগ্রহণের সুযোগ পাবে।

উল্লিখিত ক ও খ এর শিক্ষার্থীগণ এস.এস.সি পরীক্ষা-২০২১ এর জন্য আগামী ০৩-০২-২০২১ তারিখ থেকে ২৫/০২/২০২১ (রাত ১১:৫৯ পর্যন্ত) তারিখ পর্যন্ত কোর্স প্রতি DeNovo/ পুনঃ রেজিস্ট্রেশন ফি বাবদ ৮৩০/- টাকা এবং নম্বরপত্র ফি, সনদপত্র ফি, প্রশংসাপত্র ফি এবং একাডেমিক ক্যালেন্ডার ফি ৭০০/- টাকা অন-লাইনে নগদ এর মাধ্যমে জমা দিতে হবে। DeNovo সংক্রান্ত আবেদন exam.bou.edu.bd এই ওয়েব সাইটের “পুনঃনিরীক্ষণ ও পুনঃপরীক্ষা” লিংকে পাওয়া যাবে।

রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের DeNovo রেজিস্ট্রেশন করে পুনঃপরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়টি সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, সকল স্টাডি সেন্টারকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হল।

ধন্যবাদসহ।

Signature
০৩/০২/২১

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়	
কম্পিউটার বিভাগ	
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
তারিখ নং	২০১
তারিখ	০৩/০২/২১
বিশেষ এনালিস্ট/ওয়েব মাস্টার/প্রোগ্রামার	
সহ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার	
প্রশাসনিক কর্মকর্তা/সহ প্রোগ্রামার/ (BIMS)	

বিতরণ: কার্যার্থে

১। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।

২। সিস্টেম ম্যানেজার/পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল)।

৩। প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতি জন্য

১। ডীন, ওপেন স্কুল, বাউবি।

২। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সংরক্ষণ নথি।